রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ফেব্রুয়ারী ৪, ১৯৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

পরিবার কল্যাণ অনুবিভাগ

উন্নয়ন-১ শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ৪ঠা ফেব্রুয়ারী, ১৯৯৫/২২শে মাঘ, ১৪০১

এস, আর, ও নং ১৮-আইন/১৯৯৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনামা।—এই বিধিমালা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ইউনিট শক্তিশালীকরণ প্রকল্প (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন ;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ;



মূল্য : টাকা ৩.০০

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বোর্ড বা প্রতিষ্ঠান ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্ন বিবৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে, যথা—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ; এবং

(খ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে কোন ব্যক্তিকে কোন পদে এড-হক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়স সীমা শিথিল করা যাইতে পারে :

আরো শর্ত থাকে যে, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য হইবে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভুত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগত ভাবে অনুরূপ পদে নিয়োগ যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি,—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। শিক্ষানবিসি।—(১) কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য শিক্ষানবিশ হিসাবে নিয়োগ করা হইবে।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ বা কাজকর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে।

## তফসিল

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা। | নিয়োগ পদ্ধতি | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সিনিয়র সিষ্টেম এনালিষ্ট | ৪০ বৎসর | সরাসরি অথবা প্রেষণে নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থবিদ্যা, পদার্থবিদ্যা, গণিত, পরিসংখ্যান, অর্থনীতি, ব্যবস্থাপনা, সমাজ বিজ্ঞান বা ব্যবসা প্রশাসন এ স্নাতকোত্তর ডিগ্রী অথবা বি, এস, সি, ইঞ্জিনিয়ারিং অথবা বি, এস, সি এ, জি (সম্মান) ডিগ্রী।<br>(খ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত কোন প্রফেশনাল কম্পিউটার সোসাইটির এসোসিয়েট মেম্বারশীপ থাকিতে হইবে।<br>(গ) কম্পিউটার প্রোগ্রামিং এবং সিষ্টেম এনালিষ্ট এর কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা। কম্পিউটার সাইন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রীধারীর ক্ষেত্রে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ২ | উপ-পরিচালক | ৩০ বৎসর | ঐ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, ব্যবস্থাপনা, পরিসংখ্যান, গণিত বা সমাজ বিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(খ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর পদে দুই বৎসরের অভিজ্ঞতা। |

| | | | |
|---|---|---|---|
| ৩ সহকারী পরিচালক | ৩০ বৎসর | সরাসরি অথবা প্রেষণে নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, পরিসংখ্যান, গণিত, ব্যবস্থাপনা বা সমাজ বিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। পরিসংখ্যান ও উপাত্ত বিশ্লেষণের কাজে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪ প্রোগ্রামার | ঐ | ঐ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থবিদ্যা, পদার্থবিদ্যা, গণিত, পরিসংখ্যান, ব্যবস্থাপনা, অর্থনীতি, সমাজ বিজ্ঞান বা ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রী, অথবা বি, এস, সি, ইঞ্জিনিয়ারিং অথবা বি, এস, সি এজি (সম্মান) ডিগ্রী।<br>(খ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত কোন প্রফেশনাল কম্পিউটার সোসাইটির এসোসিয়েট মেম্বারশীপ থাকিতে হইবে।<br>(গ) সহকারী প্রোগ্রামার হিসাবে ৪ বৎসরের অভিজ্ঞতা। কম্পিউটার সাইন্স বা ইঞ্জিনিয়ারিং এ মাষ্টারস ডিগ্রীধারীদের ক্ষেত্রে ২ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৫ সহকারী প্রোগ্রামার | ঐ | ঐ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠানে কম্পিউটার অপারেশন-এ ৩ বৎসরের অভিজ্ঞতা অথবা ডাটা এন্ট্রি/কন্ট্রোল-এ ৬ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) কেবল ফোরট্রান, বেসিক, প্যাস্কাল, লোটাস ১-২-৩, ডি-বেস ইত্যাদি প্রোগ্রামিং ভাষায় পর্যাপ্ত প্রশিক্ষণ। |
| ৬ পরিসংখ্যানবিদ] | ঐ | ঐ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি, সমাজ বিজ্ঞান, ভূগোল বা ব্যবস্থাপনায় প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। পরিসংখ্যান ও উপাত্ত বিশ্লেষণের কাজে ২ বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭ | লজিষ্টিক মনিটরিং অফিসার (পরিবীক্ষণ কর্মকর্তা)। | ৩০ বৎসর | সরাসরি অথবা প্রেষণে নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি, সমাজ বিজ্ঞান বা ব্যবস্থাপনায় প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৮ | কম্পিউটার সুপারভাইজার | ঐ | ঐ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার অপারেটর হিসাবে ৭ বৎসরের অভিজ্ঞতা। |
| ৯ | ইভালুয়েশন অফিসার | ঐ | ঐ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি, সমাজ বিজ্ঞান বা ব্যবস্থাপনায় প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। জননীতি বা সমাজ বিজ্ঞানে গবেষণা কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০ | ডকুমেন্টেশন অফিসার | ঐ | ঐ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি, সমাজ বিজ্ঞান বা ব্যবস্থাপনায় প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তরসহ ডকুমেন্টেশন উপাত্ত বিশ্লেষণের কাজে পর্যাপ্ত অভিজ্ঞতা। |
| ১১ | প্রশাসনিক কর্মকর্তা | ঐ | ঐ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সেক্রেটারিয়েল কোর্সে উত্তীর্ণ এবং দাপ্তরিক, সাচিবিক এবং প্রশাসনিক কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| ১২ | কম্পিউটার অপারেটর | ঐ | ঐ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে স্নাতক ডিগ্রীসহ অপারেটরের এপ্টিচিউট পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | সহকারী পরিসংখ্যানবিদ | ৩০ বৎসর | সরাসরি অথবা প্রেষণে নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি, ব্যবস্থাপনা বা সমাজ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। |
| ১৪ | সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর | ঐ | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণসহ নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠানে ডাটা এন্ট্রি অপারেটর হিসাবে ২ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) প্রতি ঘন্টায় ১০,০০০ কীট ডিপ্রেশনে স্পীড থাকিতে হইবে। |
| ১৫ | ডাটা এন্ট্রি অপারেটর | ঐ | ঐ | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণসহ ডাটা এন্ট্রি অপারেটরের এপ্টিচিউট পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| ১৬ | ষ্টেনোগ্রাফার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ দাপ্তরিক কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা। সাঁট লিপিতে বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ৮০ ও ১২০ শব্দ এবং টাইপে ৩০ ও ৪০ শব্দের গতি থাকিতে হইবে। |
| ১৭ | ষ্টেনোটাইপিষ্ট | ঐ | ঐ | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলা ও ইংরেজী টাইপে যথাক্রমে ২০ ও ৩০ শব্দের এবং সাঁটলিপিতে যথাক্রমে ৬০ ও ৮০ শব্দের গতি থাকিতে হইবে। |
| ১৮ | হিসাব রক্ষক | ঐ | ঐ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী। হিসাব রক্ষণের কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৯ | ক্যাশিয়ার | ঐ | ঐ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী। ক্যাশ সংক্রান্ত কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২০ | গুদাম রক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ গুদাম রক্ষণাবেক্ষণের কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ২১ | নিম্নমান করণিক ও টাইপিষ্ট | ঐ | ঐ | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণসহ টাইপে প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ৩০ শব্দ এর গ.তি এবং দাপ্তরিক কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২২ | ড্রাইভার | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাসসহ মটর ভেহিক্যাল একট অনুযায়ী বৈধ লাইসেন্স প্রাপ্ত এবং ড্রাইভিং এ ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| ২৩ | বাইণ্ডার কাম হেলপার | ঐ | ঐ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণসহ বাইন্ডিং এর কাজে ১ বৎসরের অভিজ্ঞতা। |
| ২৪ | এম, এল, এস, এস | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাস। |

রাষ্ট্রপতির আদেশক্রমে
সৈয়দ আহমেদ
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।